



innovationcelldp@gmail.com

স্মারক নং: ৩৮.০১.০০০০.১০৭.০৭.০০৪.১৮- ১৭১

তারিখ: ২৫ মাঘ ১৪২৫  
০৭ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়: মাঠ পর্যায়ে ক্যাম্প প্রস্তুতপূর্বক WSIS Prizes 2019 এর ভোট প্রদান কার্যক্রম ত্বরান্বিত করা এবং প্রতিবেদন প্রেরণ।

সূত্র: ৩৮.০১.০০০০.১০৭.০৭.০০৪.১৮-৪৯৬ তারিখ: ০৪ ফেব্রুয়ারি, ২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)- এর ০৫টি উদ্যোগ আন্তর্জাতিক WORLD SUMMIT ON THE INFORMATION SOCIETY (WSIS) Prizes 2019 প্রতিযোগিতায় প্রাথমিকভাবে তালিকাভুক্ত হয়েছে, যা সূত্রোক্ত স্মারকে ইতোমধ্যে মহাপরিচালক মহোদয় ডিওপত্রের মাধ্যমে জানিয়েছেন।

০২। ই-পেনশন সিস্টেমটিকে বাংলাদেশ ও আন্তর্জাতিক পর্যায়ে পরিচিতি প্রদানের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরীর উদ্যোগের সাথে ই-পেনশন সিস্টেমটিকেও WSIS Prizes 2019 এ দাখিল করা হয়েছে। WSIS Prizes 2019 এ ভোট প্রদানের জন্য ভোট প্রদান প্রক্রিয়াটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবপেইজের নোটিশে/খবরে ভিডিও লিংক ও নির্দেশিকা আকারে দেয়া হয়েছে (<https://www.itu.int/net4/wsis/stocktaking/prizes/2019>)। উল্লেখ্য যে, ১০ ফেব্রুয়ারি, ২০১৯ এর মধ্যে ভোট প্রদান কার্যক্রম সমাপ্ত করতে হবে। ইতোমধ্যেই জেলা পর্যায়ে দায়িত্ব পালনের জন্য প্রাশিত থেকে কর্মকর্তাগণ-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে (তালিকা সংযুক্ত)।

০৩। এমতাবস্থায়, প্রাথমিক শিক্ষা পরিবার ও এর সাথে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রী, অভিভাবক ও দেশের সকল নাগরিকের নিকট WSIS Prizes 2019-এ ই-পেনশন সিস্টেমসহ এ প্রতিযোগিতায় দাখিলকৃত বর্তমান সরকারের সকল প্রকল্পকে সারা বিশ্বের নিকট তুলে ধরার নিমিত্ত সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ সহকারী সুপারিনটেনডেন্টগণের নেতৃত্বে দক্ষ শিক্ষকের সমন্বয়ে প্রতি জেলা/ উপজেলায় ক্যাম্প স্থাপনপূর্বক ভোট গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরি।

মো: আতাউর রহমান  
সহকারী পরিচালক(সা: প্রশাসন)

বিতরণঃ

- ১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)
- ২। উপজেলা/ থানা শিক্ষা অফিসার/ ইন্সট্রাক্টর, ইউআরসি (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

- ১। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ২। বিভাগীয় উপপরিচালক (সকল) প্রাথমিক শিক্ষা, . . . . . বিভাগ।
- ২। জনাব মো: তানিমুল বারী, পরামর্শক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।
- ৩। সদস্য, ইনোভেশন টিম, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। (তঁর দায়িত্বপালন বিভাগের ভোট প্রদান কার্যক্রমটি নিবিড় মনিটরিং করার জন্য)
- ৪। কো-মেন্টর (সকল) (তঁর আওতাধীন জেলায় ভোট প্রদান কার্যক্রমটি নিবিড় মনিটরিং করার জন্য)
- ৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। অফিস কপি।

